



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



www.dshe.gov.bd

স্মারক নং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-২২

তারিখ: ১৪/০১/২০২১ খ্রি.

বিষয়: সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২১ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভাইরাস অতিমারীর কারণে শুধুমাত্র ২০২১ শিক্ষাবর্ষে সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য গত ১১/০১/২০২১ খ্রি. তারিখ ডিজিটাল লটারি অনুষ্ঠিত হয়েছে।

২। ডিজিটাল লটারি পরবর্তী প্রকাশিত ফলাফল অনুযায়ী স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচিত শিক্ষার্থীদের মূল জন্ম নিবন্ধন সনদ, মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদ, বিশেষ চাহিদা সম্পন্ন কোটার সনদ, শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের সন্তানদের জন্য সংরক্ষিত কোটার সনদসহ অন্যান্য সকল কাগজপত্র যাচাই অন্তে ভর্তি কার্যক্রম আগামী ২০/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। অপেক্ষমান তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির বিষয়টি আগামী ২১/০১/২০২১ থেকে ২৫/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, ২০২১ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য সকল কাগজপত্র যাচাই অন্তে উপরোল্লিখিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন : ৪১০৫০২৮৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: দু: আ: অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১)]

২। জেলা প্রশাসক, সকল

৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৬। জেলা শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল

৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

১০। সংরক্ষণ নথি